## শিখনফল ৫ - বিভিন্ন পদ্ধতির হিসাব এবং পরিমাপের সমতা

### বিষয়বস্তু

১. পরিমাপের বিভিন্ন এককের পার্থক্য।

২. বৃটিশ এককে পরিমাপ।

৩. মেট্রিক এককে হিসাব এবং অন্য একককে মেট্রিক এককে প্রকাশ।

৪. বৃটিশ ও মেট্রিক পদ্ধতির সমতা।

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া

১. বিভিন্ন পদ্ধতিতে এককের পরিচিতি এবং পরিমাপ করতে পারবেন।

২. প্রয়োজন অনুযায়ী বৃটিশ এককে হিসাব করতে পারবেন।

৩. প্রয়োজন অনুযায়ী মেট্রিক এককে হিসাব করতে পারবেন।

৪. বৃটিশ ও মেট্রিক পদ্ধতির সমতার হিসাব করতে পারবেন।

### শর্তাবলি

প্রশিক্ষণার্থীদের অবশ্যই নিচের উপকরণসমূহ সরবরাহ করতে হবে-

- শিখন উপকরণ
- কার্যক্রমপত্র
- ইনফরমেশন শিট

## শিখন কার্যক্রম

**শিখনফল :** পরিমাপের বিভিন্ন পদ্ধতিতে পরিমাপের সমতার হিসাব করতে পারবেন।

| শিখন কার্যক্রম | বিশেষ নির্দেশনা |
|---|---|
| বৃটিশ এককে পরিমাপ এবং বৃটিশ এককে প্রকাশ | • বৃটিশ একক বিষয়ক ইনফরমেশন শিট -১.৫-১ পড়ুন।<br>• সেলফ চেক-১.৫-১ এর সমস্যা সমাধান করুন।<br>• উত্তরমালার ১.৫-১ এর সাথে মিলিয়ে নিন। |
| মেট্রিক এককে পরিমাপ এবং মেট্রিক এককে প্রকাশ | • মেট্রিক বিষয়ক ইনফরমেশন শিট-১.৫-২ পড়ুন।<br>• সেলফ চেক-১.৫-২ এর সমস্যা সমাধান করুন।<br>• উত্তরমালার ১.৫-২ এর সাথে মিলিয়ে নিন। |
| বৃটিশ ও মেট্রিক পদ্ধতির সমতা প্রকাশ | • বৃটিশ ও মেট্রিক একক প্রকাশ বিষয়ক ইনফরমেশন শিট-১.৫-৩ পড়ুন।<br>• সেলফ চেক-১.৫-৩ এর সমস্যা সমাধান করুন।<br>• উত্তরমালার ১.৫-৩ এর সাথে মিলিয়ে নিন। |

## ইনফরমেশন শিট ১.৫-১: বৃটিশ পদ্ধতিতে পরিমাপ

**উদ্দেশ্য:** এই ইনফরমেশন শিটটি পড়ার পর আপনি বৃটিশ এককে পরিমাপের সাথে পরিচিত হবেন এবং পরিমাপ করতে পারবেন।

### বৃটিশ পদ্ধতিতে পরিমাপ

মেট্রিক পদ্ধতি প্রচলনের আগে আমরা বৃটিশ পদ্ধতিতে দৈর্ঘ্য, ভর ও সময় পরিমাপ করতাম। বৃটিশ পদ্ধতিকে আবার ফুট পাউন্ড পদ্ধতি বলা হয়। এই পদ্ধতিতে দৈর্ঘ্য, ভর এবং সময়ের একক যথাক্রমে ফুট, পাউন্ড এবং সেকেন্ড। ক্ষুদ্রতর দৈর্ঘ্য পরিমাপের জন্য ইঞ্চি এবং বৃহত্তর দৈর্ঘ্য পরিমাপের জন্য গজ ও মাইল ব্যবহার করা হয়।

বৃটিশ পদ্ধতিতে দৈর্ঘ্য পরিমাপের মৌলিক একক-

| | | |
|---|---|---|
| ১ মাইল | = | ১৭৬০ গজ |
| | = | ৫২৮০ ফুট |
| ১ গজ | = | ৩ ফুট |
| | = | ৩৬ ইঞ্চি |
| ১ ফুট | = | ১২ ইঞ্চি |

বৃটিশ পদ্ধতিতে ক্ষেত্রফল পরিমাপের মৌলিক একক-

| | | |
|---|---|---|
| ১ টন | = | ২০০০ পাউন্ড |
| ১ পাউন্ড | = | ০.০০০৫ টন |
| ১ আউন্স | = | ০.০৬২৫ পাউন্ড |

বৃটিশ পদ্ধতিতে ওজন পরিমাপের মৌলিক একক-

| | | |
|---|---|---|
| ১ বর্গফুট | = | ১৪৪ বর্গইঞ্চি |
| ১ বর্গগজ | = | ৯ বর্গফুট |
| | = | ১২৯৬ বর্গইঞ্চি |
| ১ একর= | ৪৩৫৬০ বর্গফুট | |
| ১ হেক্টর | = | ৬৪০ একক |

বৃটিশ পদ্ধতিতে আয়তন পরিমাপের মৌলিক একক-

| | | |
|---|---|---|
| ১ ঘনগজ | = | ২৭ ঘনফুট |
| | = | ২০২ গ্যালন |
| ১ ঘনফুট | = | ১৭২৮ ঘনইঞ্চি |
| | = | ৭.৪৮ গ্যালন |
| ১ গ্যালন | = | ৪ কোয়ার্টার |
| ১ বাসেল | = | ৩২ কোয়ার্টার |
| ১ কোয়ার্টার | = | ৫৭.৭৫ ঘনইঞ্চি |

## পরিমাপে বৃটিশ এককে রূপান্তর

১. **উদাহরণ-** ১. ৬ গজে কত ফুট ?

**সমাধান**

আমরাজানি, ১ গজ = ৩ ফুট

তাহলে ৬ গজ = ৩ × ৬

= ১৮ ফুট

২. ১২ ইঞ্চি = ১ ফুট হলে -৯৬ ইঞ্চিতে কত ফুট ?

**সমাধান**

১২ ইঞ্চি = ১ ফুট,

তাহলে ৯৬ ইঞ্চি $= \frac{৯৬}{১২}$ ফুট

= ৮ ফুট

৩. ১২ পাউন্ডকে আউন্সে পরিবর্তন করুন।

**সমাধান**

১ পাউন্ড = ১২ আউন্স

তাহলে ১২ পাউন্ড = ১৬ × ১২ আউন্স

= ১৯২ আউন্স

৪. ৩ বর্গগজে কত বর্গফুট ?

**সমাধান**

১ বর্গগজ = ৯ বর্গফুট

তাহলে ৩ বর্গগজ = ৯ × ৩ বর্গফুট

= ২৭ বর্গফুট

৫. একটি বস্তুর আয়তন ২৪ ঘনফুট। বস্তুটির আয়তন বর্গগজে রূপান্তর করুন।

**সমাধান**

১ ঘনগজ = ২৭ ঘনফুট

তাহলে ২৪ ঘনফুট = $\frac{২৪}{২৭}$ ঘনগজ

= ০.৮৮ ঘনগজ

# মেট্রিক পদ্ধতিতে পরিমাপ

## উদ্দেশ্য

এই ইনফরমেশন শিটটি পড়ার পর- মেট্রিক পদ্ধতিতে পরিমাপ ও এককে প্রকাশ করতে পারবেন।

## মেট্রিক পদ্ধতিতে পরিমাপ

আমরা দৈনন্দিন জীবনে বিভিন্ন ধরনের জিনিস পরিমাপ করি বা পরিমাণ নির্ণয় করি। যেমন- দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা, ওজন ও সময় ইত্যাদি।

বর্তমানে মেট্রিক পদ্ধতিতে দৈর্ঘ্য, ওজন পরিমাপ করা হয়। এই পদ্ধতিতে দৈর্ঘ্য মাপা হয় মিলিমিটার, সেন্টিমিটার, কিলোমিটারে। ওজন মাপা হয় গ্রাম, কিলোগ্রামে। তরল পদার্থের আয়তন মাপা হয় লিটারে। আর সময় মাপা হয় সেকেন্ডে।

মেট্রিক পদ্ধতির প্রচলন হয় ফ্রান্সে। তবে বর্তমানে প্রায় সকল দেশেই এ পদ্ধতির ব্যবহার হয়। মেট্রিক পদ্ধতিকেই আন্তর্জাতিক পদ্ধতি বলা হয়।

**মেট্রিক পদ্ধতিতে দৈর্ঘ্য পরিমাপের মৌলিক একক-**

| | | |
|---|---|---|
| ১ কিলোমিটার | = | ১০ হেক্টোমিটার (হেমি.) |
| | = | ১০০ ডেসিমিটার (ডেমি.) |
| | = | ১০০০ মিটার (মি.) |
| ১ মিটার | = | ১০ ডেসিমিটার (ডেমি.) |
| | = | ১০০ সেন্টিমিটার (সেমি.) |
| | = | ১০০০ মিলিমিটার (মিমি.) |

**মেট্রিক পদ্ধতিতে ওজন পরিমাপের মৌলিক একক-**

| | | |
|---|---|---|
| ১ কিলোগ্রাম | = | ১০ হেক্টোগ্রাম (হে.গ্রাম) |
| | = | ১০০ ডেসিগ্রাম (ডে.গ্রাম) |
| | = | ১০০০ গ্রাম (গ্রাম) |

| | | |
|---|---|---|
| ১ গ্রাম | = | ১০ ডেসিগ্রাম |
| | = | ১০০ সেন্টিগ্রাম |
| | = | ১০০০ মিলিগ্রাম |

**মেট্রিক পদ্ধতিতে ক্ষেত্রফল পরিমাপের মৌলিক একক-**

| | | |
|---|---|---|
| ১ বর্গমিটার | = | ১০,০০০ বর্গসেন্টিমিটার |
| ১ হেক্টর | = | ১০,০০০ বর্গমিটার |
| ১ বর্গকিলোমিটার | = | ১০০ হেক্টর |

**মেট্রিক পদ্ধতিতে আয়তন পরিমাপের মৌলিক একক-**

| | | |
|---|---|---|
| ১ ঘনমিটার | = | ১০০০ লিটার |
| ১ লিটার | = | ১০০০ মিলিলিটার |
| ১ মিলিলিটার | = | ১ ঘনসেন্টিমিটার |

**মেট্রিক পদ্ধতিতে এককের রূপান্তর-**

**উদাহরণ-**

১. ২.২০ মিটারকে সেন্টিমিটারে প্রকাশ করুন।

**সমাধান**

| | | |
|---|---|---|
| ১ মিটার | = | ১০০ সেন্টিমিটার |
| তাহলে ২.২০ মিটার | = | ২.২০ মি. × ১০০ সেন্টিমিটার |
| | = | ২২০ সেন্টিমিটার |

২. কত মিলিমিটার সমান ২.০ মিটার ?

**সমাধান**

| | | |
|---|---|---|
| ১ মিটার | = | ১০০ সেমি |
| ১ সেমি | = | ১০ মিমি |
| তাহলে ১ মিটার | = | ১০০ × ১০ = ১০০০ মিমি |
| এখন ২.০ মিটার | = | ২.০ × ১০০০ = ২০০০ মিমি |

৩. ১০০০ গ্রামে ১ কিলোগ্রাম হলে কত গ্রামে ৩.৭৫ কিলোগ্রাম ?

সমাধান

১ কিলোগ্রাম = ১০০০ গ্রাম

সুতরাং ৩.৭৫ কিলোগ্রাম = ৩.৭৫ × ১০০০ গ্রাম

= ৩৭৫০ গ্রাম

১. ১২০ সেমি × ১৫০ সেমি পরিমাপের ২টি স্টিলের জানালায় মোট কত বর্গমিটার হবে ?

সমাধান

১ বর্গমিটার = ১০,০০০ বর্গসেমি

১টি স্টিলের জানালার ক্ষেত্রফল

= ১২০ সেমি × ১৫০ সেমি

= ১৮,০০০ বর্গসেমি

তাহলে ২টি জানালার ক্ষেত্রফল = ২ × ১৮,০০০ বর্গসেমি

= ৩৬,০০০ বর্গসেমি

$= \frac{৩৬০০০}{১০০০০}$ বর্গমিটার

= ৩.৬ বর্গমিটার

২. ১টি বালতির ধারণ ক্ষমতা ৪ লিটার। তাহলে বালতির আয়তন কত ঘনসেমি ?

সমাধান

১ লিটার = ১০০০ মিলিলিটার

১ মিলিলিটার = ১ ঘনসেমি

তাহলে ৪ লিটার = ৪ × ১০০০ ঘনসেমি

= ৪০০০ ঘনসেমি

বালতির আয়তন = ৪০০০ ঘনসেমি

## ইনফরমেশন শিট ১.৫-৩: বৃটিশ এবং মেট্রিক পদ্ধতির সমতা

**উদ্দেশ্য:** এই ইনফরমেশন শিটটি পড়ার পর আপনি বৃটিশ ও মেট্রিক পদ্ধতিতে পরিমাপের একক রূপান্তর করে হিসাব করতে পারবেন।

### বৃটিশ এবং মেট্রিক পদ্ধতির সমতা

বস্তুর দৈর্ঘ্য, ভর পরিমাপের জন্য বৃটিশ পদ্ধতি অথবা মেট্রিক পদ্ধতি ব্যবহার করা হয়। তবে কখনও এক সাথে দুইটি পদ্ধতি ব্যবহার করা হয় না। পরিমাপের ক্ষেত্রে এক পদ্ধতির একক থেকে অন্য পদ্ধতির এককে রূপান্তর করতে হয়।

**বৃটিশ ও মেট্রিক পদ্ধতিতে দৈর্ঘ্য ও ওজন পরিমাপের মৌলিক একক-**

| | |
|---|---|
| ১ কিলোমিটার (কিমি) | = ০.৬২১৩৭ মাইল |
| ১ মিটার | = ১.০৯৩৬১ গজ |
| | = ৩.২৮০৮৪ ফুট |
| | = ৩৯.৩৭০ ইঞ্চি |
| ১ সেন্টিমিটার (সেমি) | = ০.৩৯৩৭০ ইঞ্চি |
| ১ মিলিমিটার (মিমি) | = ০.০৩৯৩৭০ ইঞ্চি |
| ১ মাইল | = ১.৬০৯ কিলোমিটার (কিমি) |
| ১ গজ | = ০.৯১৪৪ মিটার (মি.) |
| ১ ফুট | = ০.৩০৪৮ মিটার (মি.) |
| ১ ইঞ্চি | = ২.৫৪ সেন্টিমিটার (সেমি) |
| | = ২৫.৪ মিলিমিটার (মিমি) |

**বৃটিশ ও মেট্রিক পদ্ধতিতে ওজন পরিমাপের মৌলিক একক-**

| | |
|---|---|
| ১ কিলোগ্রাম | = ২.২০৫ পাউন্ড |
| ১০০০ কিলোগ্রাম | = ১.১০২ টন |
| ১.১০২ টন | = ২২০৪.৬২১ পাউন্ড |

### বৃটিশ ও মেট্রিক এককের রূপান্তর

**উদাহরণ**

১. ৩.০ মিটারকে ফুটে প্রকাশ করুন।

সমাধান

১ মিটার = ৩.২৮০৮৪ ফুট

তাহলে ৩.০ মিটার = ৩.০ × ৩.২৮০৮৪ ফুট

= ৯.৮৪২৫২ ফুট

২. ৩ ফুটে কত সেন্টিমিটার ?

সমাধান

১ ফুট = ১২ ইঞ্চি

১ ইঞ্চি = ২.৫৪ সেন্টিমিটার

তাহলে ৩ ফুট = ৩ × ১২ × ২.৫৪ সেন্টিমিটার

= ৯১.৪৪ সেন্টিমিটার

৩. কত ইঞ্চিতে ১.২০ মিটার ?

সমাধান

১মিটার = ৩৯.৩৭ ইঞ্চি

তাহলে ১.২০ মিটার = ১.২০ × ৩৯.৩৭ ইঞ্চি

= ৪৭.২৪৪ ইঞ্চি

৪. ২.৫৪ সেন্টিমিটার = ১ ইঞ্চি হলে, ১২ ইঞ্চিতে কত মিলিমিটার ?

সমাধান

১ ইঞ্চি = ২.৫৪ সেন্টিমিটার

১ সেন্টিমিটার = ১০ মিলিমিটার

= ২.৫৪ × ১০ মিলিমিটার

= ২৫.৪ মিলিমিটার

তাহলে ১২ ইঞ্চি = ১২ × ২৫.৪ মিলিমিটার

= ৩০৪.৮ মিলিমিটার

৫. ২.৫ কিলোগ্রামকে পাউন্ডে রূপান্তর করুন।

সমাধান

১ কিলোগ্রাম = ২.২০৫ পাউন্ড

তাহলে ২.৫ কিলোগ্রাম = ২.৫ × ২.২০৫ পাউন্ড

= ৫.৫১২৫ পাউন্ড

৬. ১ কিলোগ্রাম কত আউন্সের সমান ?

সমাধান

১ কিলোগ্রাম = ২.২০৫ পাউন্ড

| | |
|---|---|
| ১ পাউন্ড | = ১৬ আউন্স |
| সুতরাং ১ কিলোগ্রাম | = ২.২০৫ × ১৬ আউন্স |
| | = ৩৫.২৮ আউন্স |